Administrative Training Institute

Government of West Bengal

Half yearly departmental Examination for IAS and WBCS (Exe) Officers.

May-2018

Bengali Paper-1 (Written)-(Translation and letter writing)

Time Allowed- 2 Hours

Full Marks 45

উত্তরপত্র

**১) যে কোনও একটি বাংলায় অনুবাদ করুন**

**(a)** But when I opened the lid of the bin to throw away the squeezed orange halves, the bin was full of the flowers. They were still alive, but they were visibly dying. A smell came off them, sweet and rich.

কমলালেবুর ছিঁবড়েগুলোকে বাইরে ফেলবার জন্যে যখন আমি আবর্জনাপাত্রের ঢাকনাখানিকে খুলে ফেললুম, লক্ষ্য করলুম যে, তার ভেতরটা ফুলে ভরে আছে। এখনও টাটকা বটে, তবে দৃশ্যতই শুকোতে শুরু করেছে। সেগুলির থেকে একটা গন্ধ নাকে ভেসে এলো, মিষ্টি আর তীব্র।

**(b)** Once upon a time there lived a little girl called Joane by name. She was very happy with her parents. Her father had a little farm where he cultivated along with his two daughters. Joane helped her mother in her household works. Every morning she went out to cllect the water from the fountain. She also sweeped the house.

এক সময় জোয়ান নামে একটি ছোট্ট মেয়ে ছিল। মা বাবার সঙ্গে খুব আনন্দেই সময় কাটত তার। তার বাবার ছোট একটি খামার ছিল, যেখানে দুই মেয়ের সঙ্গে তিনি চাষবাস করতেন। জোয়ান তার মাকে ঘর গেরস্থালির কাজে সাহায্য করত। রোজ সকালবেলায় সে ঝর্ণা থেকে জল আনতে যেত। ঘরদোরও ঝাঁট দিত।

**২) যে কোনও একটি ইংরেজিতে অনুবাদ করুন** ১০

**(ক)** রমেশ কাঠ হইয়া দাঁড়াইয়া রহিল। ভৈরব আচার্য ব্যস্ত হইয়া ক্ষান্তির হাতটা প্রায় ধরিয়া ফেলিয়া সানুনয়ে কহিল, এতেই হবে মাসি, আর কাজ নেই। নে, সুকুমারী ওঠ মা চল্ বাছা, আমার সঙ্গে ও ঘরে গিয়ে বস্‌বি চল্।

Ramesh remained there standstill. Bhairab Acharya being hurried almost caught kshanti by his hand at once and said earnestly, 'Aunt, Please stop ! This will do. Come on Sukumari, my daughter, Let's move to the next room and take a repose.

**(খ)** একদিন ফটিক তাহার স্কুলের বই হারাইয়া ফেলিল। একে তো সহজেই পড়া তৈরি হয় না, তাহার পর বই হারাইয়া একেবারে নাচার হইয়া পড়িল। মাস্টার প্রতিদিন তাহাকে অত্যন্ত মারধোর অপমান করিতে আরম্ভ করিলেন। স্কুলে তাহার এমন অবস্থা হইল যে, তাহার মামাতো ভাইরা তাহার সহিত সম্বন্ধ স্বীকার করিতে লজ্জা বোধ করিত।

One day Phatik lost his lesson book. Even with the help of books he had found it very difficult indeed to prepare his lesson. Now it was impossible. Day after day the teacher would cane him unmercifully. His condition became so abjectly miserable that even his cousins were ashamed to own him.

৩) নৈমিত্তিক ছুটির (ক্যাজুয়াল লিভের) জন্যে উপরওয়ালার কাছে আবেদন করুন।

মাননীয়

----সমাহর্তা সমীপেষু

মহাশয়

নিবেদন এই যে, গত ১১/০৪/২০১৮ তারিখে পারিবারিক কাজের অনিবার্যতায় অফিসের দায়িত্ব পালন করতে পারি নি। এমতাবস্থায় উক্ত তারিখের জন্যে আমাকে একদিনের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করে অনুগৃহীত করলে কৃতজ্ঞ থাকব।

কলকাতা
১২. ০৪.২০১৮

আপনার বিশ্বস্ত
চ ছ জ

অথবা

ভুল বই পাঠানোর জন্যে বইয়ের দোকানের মালিককে একখানি পত্র প্রেরণ করুন।

মহাশয়

এপ্রিল মাসের গত ১৭ তারিখে ই- মেল করে আমি আপনার কাছে 'তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচনাবলী'র সপ্তম খণ্ডটির অর্ডার দিয়েছিলাম। কিন্তু ভুলক্রমে আপনারা আমাকে 'তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচনাবলী'র অষ্টম খণ্ডটি পাঠিয়েছেন। অতএব যদি আপনারা লোক পাঠিয়ে আমাকে বইটি বদলে দেন, তাহলে খুব ভালো হয়। আশা করি আমার অনুরোধ রাখা হবে। নমস্কার নেবেন।

ইতি
ধন্যবাদ সহ
ভবদীয়
প ফ ব

ঠিকানা--------
তারিখ-২১. ০৪. ২০১৮

৪) ক) চোরকাঁটা দিয়ে। মানুষের যাতায়াতের পথ। খ) বড় গোরু এবং ছোট গরু বা গোরুর বাচ্চা। সন্ধে হয়ে যাওয়ায় তাদের গোয়ালে নিয়ে যাওয়া হয়েছে। গ) গ্রামের লোকালয়ের দিকে। চারিদিকে অন্ধকার ঘনিয়ে এসেছে। ঘ) যারা ডাক ছেড়ে আসছিল তাদের আলো অর্থাৎ ডাকাতদের মশালের আলো। তারা হা রে রে রে রে আওয়াজ করছিল। ঙ) 'তুমি' অর্থাৎ খোকার মা ভয় পেয়েছিল। আত্মরক্ষার্থে ঠাকুর-দেবতাকে ডাকছিল। চ) কাঁটাওয়ালা গুল্মের ঝাড়। ডাকাতের ভয়ে লুকিয়ে পড়েছিল আর থর থর করে কাঁপছিল।

**৫)** কিছুতেই টাকার জোগাড় আর হয় না। বাঁধা দিয়া, বিক্রয় করিয়া, অনেক চেষ্টাতেও হাজার ছয়-সাত বাকি রহিল। এ দিকে বিবাহের দিন নিকট হইয়া আসিয়াছে। অবশেষে বিবাহের দিন উপস্থিত হইল।

অথবা

নিচের শব্দগুলি দিয়ে বাক্য রচনা করুন। যেকোনও পাঁচটি শব্দ দিয়ে। ০৫

জলযোগ, ময়দান, প্রশাসন, মঞ্জুর, হলফনামা, ভূমিরাজস্ব, প্রকল্প, অনুমত্যনুসারে।

জলযোগ- এ হোটেলটিতে জলযোগের ব্যবস্থা ভালো নয়। ময়দান- ময়দান কলকাতার ফুসফুস। প্রশাসন- প্রশাসনের সঙ্গে রামলালের সম্পর্ক বেশ ভালো। মঞ্জুর- তার আবেদন মঞ্জুর করা হয়েছে। হলফনামা- মুখে বললেই হবে না, তোমাকে হলফনামাও দিতে হবে। ভূমিরাজস্ব-এ রাজ্যের ভূমিরাজস্ব বিভাগটি এখন পুরোপুরি বৈদ্যুতিন মাধ্যমের অন্তর্ভুক্ত। প্রকল্প- সরকারের অনেক জনহিতকর প্রকল্প আছে। অনুমত্যনুসারে- উর্ধ্বতন কতৃপক্ষের অনুমত্যনুসারেই তোমাকে এ কাজ করতে বলা হয়েছে।

--------

Half yearly departmental Examination for IAS and WBCS (Exe) Officers.

MAY-2018

Bengali Dictation

Marks: 15

Dictation: 15 minutes

Revision: 15 minutes

পাঁচ ছেলের পর যখন এক কন্যা জন্মিল তখন বাপমায়ে অনেক আদর করিয়া তাহার নাম রাখিল নিরুপমা। এ গোষ্ঠীতে এমন শৌখিন নাম ইতিপূর্বে কখনো শোনা যায় নাই। প্রায় ঠাকুরদেবতার নামই প্রচলিত ছিল — গণেশ কার্তিক পার্বতী তাহার উদাহরণ।

এখন নিরুপমার বিবাহের প্রস্তাব চলিতেছে। তাহার পিতা রামসুন্দর মিত্র অনেক খোঁজ করেন কিন্তু পাত্র কিছুতেই মনের মতন হয় না। অবশেষে মস্ত এক রায়বাহাদুরের ঘরের একমাত্র ছেলেকে সন্ধান করিয়া বাহির করিয়াছেন। উক্ত রায়বাহাদুরের পৈতৃক বিষয়-আশয় যদিও অনেক হ্রাস হইয়া আসিয়াছে কিন্তু বনেদি ঘর বটে।

বরপক্ষ হইতে দশ হাজার টাকা পণ এবং বহুল দানসামগ্রী চাহিয়া বসিল। রামসুন্দর কিছুমাত্র বিবেচনা না করিয়া তাহাতেই সম্মত হইলেন ; এমন পাত্র কোনোমতে হাতছাড়া করা যায় না।

----